



১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০৯.২১

## প্রেস বিজ্ঞপ্তি

### মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের বর্ণাঢ্য আয়োজনে স্পেনে বাংলা নববর্ষ, ১৪৩১ উদযাপন

মাদ্রিদ, ১৫ এপ্রিল ২০২৪। মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের বর্ণাঢ্য আয়োজনে রাষ্ট্রদূতের বাসভবন 'বাংলাদেশ হাউজ'-এ গতকাল রবিবার, ১৪ এপ্রিল ২০২৪ তারিখে আনন্দোচ্ছল ও উৎসবমুখর পরিবেশে 'বাংলা নববর্ষ, ১৪৩১' উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে আবহমান বাংলার চিরায়ত সাংস্কৃতিক মোটিফে সুসজ্জিত বাংলাদেশ হাউজের উন্মুক্ত প্রাঙ্গণ একখন্ড বাংলাদেশের রূপ পরিগ্রহ করে। স্পেনপ্রবাসী বাংলাদেশ কমিউনিটির বিপুলসংখ্যক সদস্য, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ, বিশিষ্ট বিদেশী অতিথিবর্গ, গণমাধ্যমের প্রতিনিধিবৃন্দ এবং দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যদের অংশগ্রহণে পয়লা বৈশাখের অনুষ্ঠানমালা প্রাণবন্ত হয়ে ওঠে।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর স্পেনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, *এনডিসি* অভ্যাগত সকলকে নববর্ষের শুভেচ্ছা জানান। স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত বলেন, "কাল পরিক্রমায় পয়লা বৈশাখ আজ বাঙালীর সর্বজনীন প্রাণের উৎসবে পরিণত হয়েছে। ধর্মনিরপেক্ষতা, শান্তি, সৌহার্দ্য-সম্প্রীতি, সহাবস্থান ও সাম্যের মূর্ত আধেয়রূপে পয়লা বৈশাখ উজ্জ্বল ভবিষ্যতের আবাহনী বার্তা নিয়ে আসে।" এ প্রসঙ্গে রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাষ্ট্রনায়কোচিত উক্তি "ধর্ম যার যার, উৎসব সবার" উদ্ধৃত করেন এবং দেশপ্রেমে উজ্জীবিত হয়ে তাঁর অবিসম্বাদিত নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' বিনির্মাণের প্রত্যয়ে সকলকে একতাবদ্ধ হয়ে কাজ করে যাবার আহ্বান জানান।

অনুষ্ঠানে প্রবাসী শিল্পীদের পরিবেশিত ঐতিহ্যবাহী বাংলা লোকসংগীতের মূর্ছনায় সমাগত অতিথিবৃন্দ মোহিত হন। এরপর বিশ্ব ঐতিহ্যের অনন্য সম্পদ হিসেবে ইউনেস্কো কর্তৃক স্বীকৃত 'মঙ্গল শোভাযাত্রা' বাংলাদেশ হাউজ সংলগ্ন সড়ক প্রদক্ষিণ করে।



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ  
Embassy of Bangladesh  
Embajada de Bangladesh  
Madrid, Spain



এছাড়া, বাংলাদেশ হাউজ প্রাঙ্গণে আয়োজিত বিনোদনমূলক বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অতিথিবৃন্দ, তাঁদের স্পাউস ও শিশুকিশোর সম্মানের স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। রাষ্ট্রদূত প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। পরিশেষে, ঐতিহ্যবাহী ও সুস্বাদু বাঙালী খাবারে অতিথিদেরকে আপ্যায়ন করা হয়।





বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ  
Embassy of Bangladesh  
Embajada de Bangladesh  
Madrid, Spain



19.01.3401.200.33.011.21

## **Press Release**

### **Embassy of Bangladesh in Madrid celebrated Bengali New Year, 1431 in Spain with festivity and fanfare**

Madrid, 15 April 2024. The Embassy of Bangladesh in Madrid celebrated the Bengali New Year, 1431 yesterday (Sunday, 14 April 2024) with much fervour and festivity. On this occasion, a colourful programme was hosted at the Bangladesh House (Ambassador's residence) in Madrid. Its open premises looked like a piece of Bangladesh with adornment of traditional Bengali cultural motifs. The event was attended by a large number of Bangladeshi expatriates and the leaders of social and political associations, foreign dignitaries, journalists and guests, including the Embassy officials and their families.

The programme started by reading out messages from the President and the Prime Minister of Bangladesh issued on the occasion, followed by the welcome address by the Ambassador of Bangladesh to Spain, Mohammad Sarwar Mahmood, *ndc*. While wishing everyone a happy Bengali New Year, the Ambassador said, "*Pohela Boishakh*, which has evolved into a universal festival of the Bengali nation, embodies the values of secularism, peace, harmony, coexistence and equality, regardless of creed, class or religion, and heralds new hope for a brighter future." In this regard, he referred to Prime Minister Sheikh Hasina's words verbatim, "Religion is individual, but festival is common to all," and called upon all to revitalize the spirit of patriotism and work in unison under her able leadership to build a prosperous Golden Bengal (*Sonar Bangla*) as dreamt by the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.

A mesmerizing cultural presentation, where expatriate artists rendered folk songs showcasing the richness of Bengali music, enthralled the audience. Later, '*Mongol Shovajatra*', an event recognized by the UNESCO as an intangible cultural heritage of mankind, was brought out in the street nearby the Bangladesh House.

Recreational sports were also organized, with spontaneous participation of the attendees, their spouses and children. The Ambassador distributed prizes among the winners. At the end, quintessential Bengali culinary delights added to the flavour of the festivities.

